DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:25 AM

সারাদেশ

# নারায়ণগঞ্জে সাড়ে ৯ হাজার ইয়াবাসহ গ্রেপ্তার ৪

প্রতিবেদক: Mahid Dhaka probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬, ১২:৫৮ PM




সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের বন্দরে মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৯ হাজার ৫৫০ পিস ইয়াবাসহ চারজনকে গ্রেপ্তার করেছে র‍্যাব-১১। মঙ্গলবার (২১ জুলাই) সকাল ১১টায় বিষয়টি প্রেস রিলিজের মাধ্যমে গণমাধ্যমকে জানান র‍্যাব-১১ এর অপস অফিসার ক্যাপ্টেন রওনক এরফান খান।

এর আগে সোমবার (২০ জুলাই) রাত সাড়ে ৮টার দিকে বন্দর থানাধীন মদনপুরের রাফি ফিলিং স্টেশনের সামনে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে চেকপোস্ট পরিচালনা করে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তাররা হলেন মো. রুবেল (৩০), মোছা. হীরামনি (২৬), নুরুল ইসলাম (২১) এবং ফাহিমা জান্নাত (২০)। তাদের মধ্যে রুবেল ও হীরামনি দম্পতির বাড়ি কক্সবাজার জেলার চকরিয়া থানার পূর্ব ডুমখালী এলাকায়। অপর দিকে নুরুল ইসলাম ও ফাহিমা জান্নাত দম্পতির বাড়ি কক্সবাজার জেলার ঈদগাঁও থানার পূর্ব গজালিয়া এলাকায়।

র‌্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সদর কম্পানি, নারায়ণগঞ্জের একটি চৌকস আভিযানিক দল ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে চেকপোস্ট স্থাপন করে। এ সময় হানিফ পরিবহনের একটি বাসে যাত্রীবেশে থাকা চারজনকে তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ৯ হাজার ৫৫০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। পরে তাদের গ্রেপ্তার করা হয়।

র‌্যাব আরো জানায়, গ্রেপ্তাররা একটি সংঘবদ্ধ মাদক চোরাচালান চক্রের সক্রিয় সদস্য। তারা দীর্ঘদিন ধরে কক্সবাজারের সীমান্তবর্তী এলাকা থেকে ইয়াবার বড় চালান সংগ্রহ করে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর চোখ ফাঁকি দিয়ে অভিনব কৌশলে নারায়ণগঞ্জ, ঢাকা ও আশপাশের বিভিন্ন জেলায় বহন, সরবরাহ ও বিক্রি করে আসছিল।

র‌্যাব-১১ এর অপস অফিসার ক্যাপ্টেন রওনক এরফান খান বলেন, “গ্রেপ্তার চারজন আসামির বিরুদ্ধে বন্দর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আজ তাদের আদালতে পাঠানো হবে।”

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**

নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/narayngnje-sare-9-hajar-iyabash-greptar-4